# তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসা, ঢাকা

## প্রাক নির্বাচনী অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ ৮ম বিষয় ঃ কুরআন মাজীদ ও তাজভীদ (বহুনির্বাচনী)**

**সময় ঃ ৩০ মিনিট বিষয় কোড: পূর্ণমান ঃ ৩০**

[বি. দ্র: সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণ সম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান সমান। প্রশ্নপত্রে কোনো দাগ দেয়া নিষিদ্ধ।]

১। অপরের গৃহে প্রবেশের জন্য অনুমতি নেয়ার বিধান কী?

ক. ফরজ খ. ওয়াজিব গ. সুন্নাত ঘ. মুস্তাহাব

২। أزكى অর্থ কী?

ক. অধিক পবিত্র খ. ওয়াজিব গ. সুন্নাত ঘ. মুস্তাহাব

৩। تكتمون শব্দটির উৎপত্তি হিসেবে কোনটি প্রযোজ্য?

ক. الكتمان খ. الكتمنগ. الكتيمن ঘ. الكتمون

৪। بعولة শব্দের مفرد কী?

ক. بعال খ. بعل গ. بعول ঘ. بعالة

৫। নারীদের ভূষণ কী?

ক. পর্দা খ. অলংকার গ. সৌন্দর্যঘ. আধুনিকতা

৬। أبصار এর সমার্থক শব্দ কোনটি?

ক. آذان খ. قلوب গ. أعين ঘ. أعياد

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:

করিমা প্রাপ্ত বয়স্কা হওয়ার পরও হিজাব পরিধান ছাড়াই কলেজে যাতায়াত করে। তাকে জিজ্ঞাসা করলে সে বলে, হিজাব প্রগতির অন্তরায়।

৭। করিমা হিজাব পরিধান না করে কী লঙ্ঘন করেছে?

ক. ফরজ খ. ওয়াজিব গ. সুন্নাত ঘ. মুস্তাহাব

৮। ইসলামের কোন ফরজ বিধানকে লঙ্ঘন করার বিধান-

i. কুফরি ii. নিফাকি iii. ফাসেকি

নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii গ. i ও ii ঘ. i, ii ও iii

৯। مفروضا শব্দের অর্থ কী?

ক. অবধারিত খ. আবশ্যকীয় গ. নির্ধারিত ঘ. ফরজকৃত

১০। কথার ক্ষেত্রে عدل কী?

ক. শিরক করা খ. হকদারদের হক আদায় করা

গ. সালাত পড়া ঘ. ঘৃণা করা

১১। القربى শব্দের বাংলা প্রতিশব্দ কোন্‌টি?

ক. সহকর্মী খ. বন্ধুবান্ধব গ. প্রতিবেশী ঘ. নিকটাত্মীয়

১২। কুরআনে আমানত কয়টি অর্থে ব্যবহার হয়েছে?

ক. দুইটি খ. তিনটি গ. চারটি ঘ. পাঁচটি

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:

সেলিম দৈনিক পাঁচ ওয়াক্ত নামাজ আদায় করে কিন্তু নিয়মিত তার ঘরে সিনেমার আসর হয়।

১৩। সেলিমের কাজটি কেমন?

ক. হারাম খ. মাকরূহ গ. মুবাহ ঘ. খেলাফে আওলা

১৪। উক্ত পরিস্থিতিতে সেলিমের করণীয় হলো-

i. সিনেমা বন্ধ করে দেওয়া ii. পরিবারের লোকদের বুঝানো

iii. নিরবে ইবাদত করা

নিচের কোনটি সঠিক?

ক. i খ. i, ii গ. i, iii ঘ. i, ii ও iii

১৫। সৎকাজের আদেশ অসৎ কাজের নিষেধ করা কার নির্দেশ?

ক. আল্লাহর খ. জিনদের গ. রাসূলের ঘ. ফেরেশতাদের

১৬। منكر শব্দের মাদ্দাস কী?

ক. منك খ. نكر গ. مكر ঘ. منز

১৭। অঙ্গপ্রত্যঙ্গের রাজা কী?

ক. চোখ খ. কলব গ. নাক ঘ. কান

১৮। غلول এর বিধান কী?

ক. হালাল খ. মাকরূহ গ. সগিরা গুনাহ ঘ. কবিরা গুনাহ

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:

রমিজ তার কাছে গচ্ছিত আবুলের মালগুলো ফেরত দিতে অস্বীকার করে।

১৯। রমিজের কাজটি কোন ধরনের অন্যায়?

ক. খেয়ানত খ. ফেতনা গ. গিবত ঘ. কুফর

২০। রমিজের উচিত-

i. মাল ফেরত দেয়া ii. আমানতদারি রক্ষা করা

iii. মাল খেয়ে ফেলা

নিচের কোনটি সঠিক?

ক. i, ii খ. ii, iii গ. i, iii ঘ. i, ii ও iii

২১। শান্তির ধর্ম কোনটি?

ক. ইসলাম খ. ক্যথলিক গ. ইহুদি ঘ. খ্রিষ্টান

২২। الملائكة কী শব্দ?

ক. আরবি খ. হিব্রু গ. উর্দু ঘ. সুরিয়ানি

২৩। গোমরাহির অন্যতম কারণ কী?

ক. ফাসেকি খ. শিরকি গ. ফিতনাঘ. মুনাফেকি

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৪ নং প্রশ্নের উত্তর দাও:

ডেভিড বলল, ঈসা আ. আল্লাহর পুত্র

২৪। ডেভিডের কথাটি ইসলামের দৃষ্টিতে কেমন হয়েছে?

ক. কুফরি খ. বিদায়াতি গ. নেফাকি ঘ. ফাসেকি

২৫। وقف শব্দের অর্থ কী?

ক. অপেক্ষা করা খ. বিলম্ব করা

গ. থেমে যাওয়া ঘ. মিলানো

২৬। وقف এর মাদ্দাহ কী?

ক. و-ق-ف খ. ق – ف – أ গ. و – ف – ق ঘ. و – ق - أ

২৭। আব্দুল্লাহ ইবনে কাছির কে ছিলেন?

ক. আলেম খ. মুফতি গ. ক্বারি ঘ. মুহাদ্দিস

২৮। سكتة অর্থ কী?

ক. বাঁধা দেয়া খ. উপেক্ষা করা গ. বেধে রাখা ঘ. চালু করা

২৯। সিদ্দাত সিফাতের হরফ কয়টি?

ক. ৪ খ. ৫ গ. ৭ ঘ. ৮

৩০। পদ্ধতিগতভাবে ওয়াকফ কত প্রকার?

ক. ৩ খ. ৪ গ. ৫ ঘ. ৬

# তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসা, ঢাকা

## প্রাক নির্বাচনী অনলাইন পরীক্ষা-২০২০

## শ্রেণি ঃ ৮ম

## বিষয় ঃ কুরআন মাজীদ ও তাজভীদ (সৃজনশীল)

**সময় ঃ ২: ৩০ ঘণ্টা** **পূর্ণমান ঃ ৭০**

[বি. দ্রঃ ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথার্থ উত্তর দাও। **'ক' বিভাগ** থেকে **৫টি** ও **'খ' বিভাগ** থেকে **১টি** সহ মোট **৬টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

**'ক' বিভাগ: সৃজনশীল**

১। রাকিব নিয়মিত নামাজ আদায় করে। আবার নিয়মিত মিথ্যাও বলে। তার অবস্থা দেখে বন্ধু নাঈম তাকে বলল, তুমি মনোযোগ দিয়ে নামাজ পড়ো না। হক আদায় করে নামাজ আদায় করলে তুমি অন্যায় থেকে বাঁচতে পারতে।

ক. تنهى শব্দের অর্থ কী? ১

খ. الفحشاء বলতে কী বুঝায়? ২

গ. নামাজ আদায় করা সত্ত্বেও রাকিবের নামাজ হয় না এটি কোন আয়াত ও কোন হাদিস থেকে বুঝা যায়? ৩

ঘ. বন্ধু নাঈমের উপদেশ রাকিবের জন্যে যথেষ্ট কিনা? কুরআন ও হাদীসের আলোকে বিশ্লেষণ কর। ৪

২। সুমন মিয়া তার পাশের বাড়ীর সালমা বেগমের দিকে এই মনে করে চেয়ে থাকে যে, তার মনে কোন খারাপি নেই। একদিন সুমন মিয়া তার দিকে তাকিয়ে তাকে দেখতে দেখতে গর্তে পড়ে যায়। এতে প্রচন্ড ব্যথা পেয়ে মাওলানা সাহেবকে জানালে তিনি এই আয়াত শুনিয়ে দেন।

﴿قل للمؤمنين يغضوا من أبصارهم ويحفظوا فروجهم ....... الخ﴾

ক. পর্দা করার হুকুম কী? ১

খ. বর্ণিত আয়াতের ব্যাখ্যা কর। ২

গ. সুমন মিয়ার চরিত্রের সাথে কোন ঘটনার মিল আছে? বর্ণনা কর। ৩

ঘ. মাওলানা সাহেবের তেলাওয়াতকৃত আয়াত সুমন মিয়ার চরিত্র সংশোধনের জন্য তুমি কি যথেষ্ট মনে করো? তোমার মতামত দাও। ৪

৩। মাওলানা মিযানুর রহমান তার এলাকার মসজিদের খতিব। একদিন জুমার খুতবায় তিনি বললেন, প্রত্যেক পুরুষ নারীর দিগুন উত্তরাধিকার পাবে। তখন উপস্থিত এক মুসল্লি বলল, ছেলে-মেয়ে মা-বাবার কাছে সমান। সুতরাং তারা উভয়ই সমান পাবে। খতিব সাহেব বললেন, মেয়েদের তো সংসারের আর্থিক দায়-দায়িত্ব ইসলাম দেয়নি।

ক. السدس শব্দের অর্থ কী? ১

খ. للذكر مثل حظ الأنثيين বলতে কী বুঝানো হয়েছে? ২

গ. পরিত্যক্ত সম্পত্তিতে ছেলে ও মেয়ের কত অংশ? কুরআন ও হাদীসের আলোকে পেশ কর। ৩

ঘ. মুসল্লির উক্ত মন্তব্যের সাথে তুমি কী একমত? যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

৪। তানভীর নামাজ, রোজা, হজ্জ ও জাকাত নিয়মিত আদায় করে। কিন্তু মানুষের জমা রাখা সম্পদ আত্মসাৎ করে। তার এ চরিত্র দেখে তার বন্ধু আরিফ আল কুরআনের এ আয়াত শুনিয়ে দিলেন,

﴿ان الله يأمركم ان تؤدوا الأمانات إلى أهلها﴾

ক. أهلها শব্দের অর্থ কী? ১

খ. আমানত কাকে বলে? ২

গ. মানুষের জমাকৃত টাকা আত্মসাৎ করার কারণে তানভির কোন কাতারের মানুষের মাঝে শামিল হবে? প্রমাণসহ উল্লেখ কর। ৩

ঘ. তানভিরের চরিত্র সংশোধনে তার বন্ধু আরিফের তেলাওয়াতকৃত আয়াত কতটুকু ভূমিকা রাখবে? পাঠ্যপুস্তকের আলোকে বর্ণনা কর। ৪

৫। মাসুদ সাহেব বিদেশ থেকে ১০ লক্ষ টাকা নিয়ে এলে তার স্ত্রী রোকেয়া বলল, তুমি টাকাগুলো ব্যাংকে জমা রাখ। মাসে মাসে যে ইন্টারেস্ট আসবে তা দিয়ে সংসার চলবে। আর কোন কাজ না থাকায় তুমি ইবাদত বন্দেগীতে সময় দিতে পারবে।

ক. حلال অর্থ কী? ১

খ. كلوا مما فى الأرض حلالا طيبا-এর ব্যাখ্যা লিখ। ২

গ. মাসুদ সাহেবকে তুমি কী পরামর্শ দিতে চাও? বর্ণনা দাও। ৩

ঘ. রোকেয়ার প্রাস্তাবটি মূল্যায়ন কর। ৪

৬। তামিম একটি কোম্পানীতে চাকরি করার উদ্দেশ্যে ঢাকায় আসার পর কোম্পানীর এম.ডি সাহেবের পি.এস তাকে পাঁচ লক্ষ টাকার ডোনেশন দেয়ার শর্ত দেয় তখন তামিম বলল, আমার চাকরিরই দরকার নেই।

ক. غلول শব্দের অর্থ কী? ১

খ. غلول কাকে বলে? ২

গ. এম ডি সাহেবের পি.এসের আচরণ কেমন-ব্যাখ্যা কর। ৩

ঘ. চাকুরির জন্য পি. এস এর পাঁচ লক্ষ টাকা ডোনেশনের শর্ত দেয়ার ব্যাপারটি কুরআন ও হাদিসের আলোকে বিচার কর। ৪

৭। খালেদ মামুনকে বলল, দেখ বন্ধু! আমি কিছু ছাত্রের পাল্লায় পড়ে কবিরা গুনাহ করে ফেলেছি। আল্লাহ হয়তো আমাকে মাফ করবেন না। মামুন বললো, তুমি তাওবা কর। আল্লাহ তোমাকে মাফ করে দিবেন।

ক. المسيح শব্দের অর্থ কী? ১

খ. فقد ضل ضلالا بعيدا এর ব্যাখ্যা লিখ। ২

গ. খালেদের কথাটি কিরূপ হয়েছে? কুরআন মাজিদের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. মামুনের কথার সাথে তুমি কি একমত? কুরআন-হাদীসের আলোকে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

**তাজভিদ: মান-১০**

৮। একদা মাছুম শুনল তার ছোট ভাই অশুদ্ধরূপে কুরআন তেলাওয়াত করছে। মাছুম বলল,

তোমার উচিত তাজভিদ অনুযায়ী কুরআন পড়া। কেননা, আল কুরআন ভুল পড়লে সাওয়াবের পরিবর্তে গুনাহ হয়। তাই ছোট ভাই বলল, আমি কিভাবে শুরু করতে পারি? মাছুম বলল, তুমি প্রথমে হরফের মাখরাজ সম্পর্কে জান। তারপর তাজভিদের অন্যান্য গুরুত্বপূর্ণ অধ্যায়গুলো আয়ত্ব করবে।

ক. مخرج শব্দের অর্থ কী? ১

খ. মাখরাজ বলতে কী বুঝায়? ২

গ. "আল কুরআন ভুল পড়লে সাওয়াবের পরিবর্তে গুনাহ হয়" মাছুমের এ মন্তব্যটি দলিল দ্বারা প্রমাণ কর। ৩

ঘ. ছোট ভাইকে দেয়া মাছুমের পরামর্শকে তুমি কতটুকু যথেষ্ট মনে কর? তোমার মতামত দাও। ৪

৯। মাওলানা আব্দুল হামিদ একদা রমজান মাসে তারাবিহ নামাজ পড়তে গিয়ে শুনলেন, হাফেজ সাহেব খুব দ্রুত কুরআন তেলাওয়াত করছেন। নামাজ শেষে তিনি হাফেজ সাহেবকে বললেন, এভাবে নামাজে তেলাওয়াত করলে সাওয়াবের পরিবর্তে গুনাহ হওয়ার সম্ভাবনাই বেশি।

ক. سكتة শব্দের অর্থ কী? ১

খ. তারতিল কাকে বলে? ২

গ. দ্রুত তেলাওয়াতের কারণে হাফেজ সাহেব কী কী ভুল করতে পারে? আলোচনা কর। ৩

ঘ. তুমি কি মাওলানা সাহেবের মন্তব্যের সাথে একমত? তোমার মতামত যুক্তিসহ পেশ কর। ৪

## **'খ' বিভাগ: অর্থসহ সূরার অংশবিশেষ মুখস্থ লিখন, মান: ১০**

১০। নিচের যে কোন একটি সূরার প্রথম পাঁচ আয়াত অর্থসহ মুখস্থ লিখ:

ক. সূরা আল গাশিয়া।

খ. সূরা আল বালাদ।